



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

শ্মারক নং- ৩৩৩/ক/অনৃ/২০১০/২১৫৮

তারিখ: ৩/০৪/২০২২ খ্রি.

বিষয়: ফিউচার কমার্স কলেজ- এর পাঠদানের অনুমতির মেয়াদ বৃক্ষি প্রসঙ্গে।

সূত্র: অধ্যক্ষের ০৬/০৭/২০২২ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহে ঢাকা মহানগরীর খিলগাঁও থানাধীন "ফিউচার কমার্স কলেজ"- এর পাঠদানের মেয়াদ ০১/০৭/২০২২ তারিখ হতে ৩০/০৬/২০২৫ তারিখ পর্যন্ত মোট০৩ (তিনি) বছরের জন্য বৃক্ষি করা হলো। এই অনুমতিকে কোনভাবেই স্থীরূপ বলে গণ্য করা যাবে না। একাডেমিক স্থীরূপ নেয়ার জন্য মন্ত্রণালয়ে আবেদন করার পরামর্শ দেয়া হলো।

আবশ্যিক বিষয়সমূহ:	১) বাংলা; ২) ইংরেজি; ৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।
ব্যবসায় শিক্ষা শাখার বিষয়সমূহ:	১) হিসাব বিজ্ঞান; ২) ব্যবসায় সংগঠন ও ব্যবহারণা; ৩) ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা; ৪) পরিসংখ্যান

## শর্তসমূহ:

- কাম্য পরিমাণ জমি ক্রয় করতে হবে। আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে নিজৰ ভবনে প্রতিষ্ঠান পরিচালনা করতে হবে। অন্যথায় পাঠদানের অনুমতি ছাপ্তি করা হবে।
- আগামী শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীর সংখ্যা এবং ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজৰ তহবিল হতে পরিশোধ করতে হবে।
- কলেজে নিয়োগকৃত এবং ভবিষ্যতে নিয়োগাযোগ্য শিক্ষক এন্টিআরসিএ সনদধারী হতে হবে এবং মহিলা কোটা সংরক্ষণ করতে হবে।
- কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বনুমতি ছাড়া উঠানে যাবে না।
- কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০)-শিক্ষা, তারিখ ১০ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদণ্ডের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পক্ষতি "নিদেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিট দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- কলেজের জন্য নিয়মিত গভর্নিং বডি গঠন করে যথাসময়ে অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে।
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা ২০০৯ যথাযথ ভাবে অনুসরণ করতে হবে।
- উল্লেখ্য, প্রতি পঞ্জিকাবর্ষের প্রতি ০৩ (তিনি) মাসে গভর্নিং বডির ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।
- কলেজের ১ম অস্থায়ী স্থীরূপ প্রতিষ্ঠানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে:
  - কাম্য পাঠদানের মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ০৩ (তিনি) মাস পূর্বে ১ম অস্থায়ী স্থীরূপ জন্য অবশ্যই আবেদন করতে হবে।
  - উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট;
  - কলেজের কার্য পক্ষতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট;
  - প্রথম অস্থায়ী স্থীরূপ ফি বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমা প্রদান করতে হবে।
- উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর আবু তালেব মোঃ মোয়াজ্জেম হোসেন  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

তারিখ: ৩/০৪/২০২২ খ্রি.

## অধ্যক্ষ

ফিউচার কমার্স কলেজ (১৩৩৯৭৫)

খিলগাঁও, ঢাকা।

মেয়ে নং- ২১৫৮ (৩)

সদয় অবগতির জন্য অন্তিম প্রেরিত হল:

- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদণ্ডের, শিক্ষা ভবন, ঢাকা।
- জেলা প্রশাসক, ঢাকা।
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- অফিস কপি

কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

৩/০৪/২০২২